



নং- ৫৭.০০.০০০০.০৮৫.০১৮.৫৩.১৯-২৪৩

তারিখ: ০৭ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
২২ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলাধীন ভেলুর খামার কেরামতিয়া বালিকা দাখিল মাদ্রাসার প্রাথমিক পাঠদান অনুমতির স্থগিতাদেশ ও একাডেমিক স্বীকৃতির বাতিলাদেশ প্রত্যাহার প্রসঙ্গে।

সূত্র: ১. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৭৫.০১৮.৩৭.১৮.১১৮, তারিখ: ০১.০৯.১৯শ্বি।
২. বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/রিক/উলিপুর-কুড়িগ্রাম-১০৭/১৯১, তারিখ: ২২.১১.১৯শ্বি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলাধীন ভেলুর খামার কেরামতিয়া বালিকা দাখিল মাদ্রাসার প্রাথমিক পাঠদান অনুমতির স্থগিতাদেশ ও একাডেমিক স্বীকৃতির বাতিলাদেশ প্রত্যাহার বিষয়ে পরিদর্শন প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রস্থ ১নং স্মারকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডকে অনুরোধ করা হয়। সূত্রস্থ-২ নং স্মারকের মাধ্যমে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড বর্ণিত প্রতিষ্ঠানটি পরিদর্শনপূর্বক প্রতিবেদন এ বিভাগে দাখিল করেছেন।

০২. বেসরকারি মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের পাঠদান অনুমতি/একাডেমিক স্বীকৃতি/বিজ্ঞান বিভাগ খোলা সংক্রান্ত এ বিভাগের গঠিত কমিটির গত ২৬.০২.২০২০শ্বি. তারিখে অনুষ্ঠিত সভায় কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলাধীন ভেলুর খামার কেরামতিয়া বালিকা দাখিল মাদ্রাসাটি উপস্থাপন করা হয়। উক্ত সভায় মাদ্রাসাটির বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র: নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	কমিটির সুপারিশ
১.	ভেলুর খামার কেরামতিয়া বালিকা দাখিল মাদ্রাসা ডাকঘর: চন্ডিজন, উপজেলা-উলিপুর, জেলা-কুড়িগ্রাম।	প্রাপ্যতার চেয়ে ১৬টি মাদ্রাসা বেশি থাকায়, শিক্ষার্থী, কমিটি, জমি, প্রয়োজনীয় ভবন, তহবিলদ্রয়, লাইব্রেরী ও দুরত্বের শর্তপূরণ নেই এবং শিক্ষক নিয়োগের কোন কাগজপত্রাদি না থাকায় প্রাথমিক পাঠদান অনুমতির স্থগিতাদেশ ও একাডেমিক স্বীকৃতি বাতিলাদেশ প্রত্যাহারের সুপারিশ করা হলো না।

০৩. এমতাবস্থায়, কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলাধীন ভেলুর খামার কেরামতিয়া বালিকা দাখিল মাদ্রাসার প্রাথমিক পাঠদান অনুমতির স্থগিতাদেশ ও একাডেমিক স্বীকৃতির বাতিলাদেশ প্রত্যাহার বিষয়ে এতদসংক্রান্ত কমিটির সুপারিশ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অবহিত করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পাতা।

২২/১২/২০২০
(এ. কে. এম. লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব (মাদ্রাসা-২)
ফোন: ৯৫৪৯৩৯৬

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১।

অনুলিপি:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। সুপার,
- ৪। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অফিস নথি।